

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট

বিষয়ঃ ১৫-০১-২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র প্রশাসন বিভাগের অনিষ্পন্ন বিষয়ে সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক (প্রশাসন)  
তারিখ : ১৫-০১-২০২০ খ্রিঃ।  
সময় : ১০:০০ ঘটিকা।  
স্থান : পরিচালক (প্রশাসন) এর দপ্তর।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ব্যবস্থাপক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

ক্রমিক	আলোচ্য বিষয়	সভায় আলোচনা	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নে
১.	আউটার বার এর ডেজিংসহ স্থায়ী বন্দর জেট এলাকায় ২,৭,৮নং ইয়ার্ডের আরসিসি ঢালাই ইত্যাদি উন্নয়ন কাজের যাবতীয় ডকুমেন্ট দুদক-খুলনায় প্রেরণ প্রসঙ্গে।	টেন্ডার ডকুমেন্টসহ যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট সিভিল ও হাইড্রোলিক্স বিভাগের প্রতিনিধির মাধ্যমে গত ২২-১২-২০১৯ তারিখে দুদক, খুলনা অফিসে প্রেরণ করা হয়েছে।	এবিষয়ে দুদক এর সাথে যোগাযোগ রেখে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।	সিভিল ও হাইড্রোলিক্স বিভাগ
২.	পুরাতন মোংলাস্থ পোর্ট হেলথ এর জায়গা বরাদ্দ বাতিল প্রসঙ্গে।	সভায় উপ-ব্যবস্থাপক (প্রশাসন ও সম্পত্তি) জানান যে, এতদসংক্রান্ত কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপনের লক্ষ্যে খসড়া কার্যপত্র অনুমোদনের নিমিত্তে নথি প্রক্রিয়াধীন আছে।	বোর্ড সভায় অবিলম্বে কার্য পত্র উপস্থাপন করতে হবে।	উপ-ব্যবস্থাপক (প্রশাসন ও সম্পত্তি)
৩.	পশুর হোটেলের জায়গার মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।	সভায় উপ-ব্যবস্থাপক (প্রঃ ও সঃ) জানান যে, পশুর হোটেলের জায়গার মেয়াদ ৩০ বছর বৃদ্ধি বিষয়ে কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপনের লক্ষ্যে খসড়া কার্যপত্র অনুমোদনের নিমিত্তে নথি প্রক্রিয়াধীন আছে।	বোর্ড সভায় অবিলম্বে কার্য পত্র উপস্থাপন করতে হবে।	উপ-ব্যবস্থাপক (প্রশাসন ও সম্পত্তি)
৪.	সাইফ পোর্ট লিঃ এর জায়গা বরাদ্দ প্রসঙ্গে।	উপ-ব্যবস্থাপক (প্রঃ ও সঃ) সভায় উল্লেখ করেন যে, সাইফ পোর্ট লিঃ এর জায়গা বরাদ্দ এর বিষয়ে কার্যবিবরণী ইস্যু করা হয়েছে।	নীতিমালা অনুযায়ী জমি বরাদ্দ দিতে হবে।	উপ-ব্যবস্থাপক (প্রশাসন ও সম্পত্তি)
৫.	খুলনাস্থ পি-২ বাংলা প্রসঙ্গে।	খুলনাস্থ পি-২ বাংলা অনেক আগে নিলামে বিক্রয় করা হয়েছে মর্মে খুলনা সম্পত্তি শাখা থেকে জানা গেছে। তবে খুলনাস্থ পি-২ বাংলা সংলগ্ন পুকুরটি ইজারা প্রদানের বিষয়ে সংরক্ষিত মূল্য নির্ধারণের জন্য উপস্থাপন করা হয়েছে।	পুকুরটি ইজারা প্রদানের বিষয়ে সংরক্ষিত মূল্য নির্ধারণের ব্যবস্থা নিতে হবে।	সহকারী ব্যবস্থাপক (সম্পত্তি শাখা), খুলনা
৬.	খুলনাস্থ পি-১ বাংলা প্রসঙ্গে।	সহকারী ব্যবস্থাপক (খুলনা সম্পত্তি) সভায় জানান যে, খুলনাস্থ পি-১ বাংলা নিলামে বিক্রয়ের জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়া যায়নি।	কমিটির প্রতিবেদন দ্রুত সম্পন্ন করে দাখিল করতে হবে।	সহকারী ব্যবস্থাপক (সম্পত্তি শাখা), খুলনা
৭.	খুলনাস্থ মসজিদ কমিটির পুকুর ইজারা প্রসঙ্গে।	খুলনাস্থ মসজিদ সংলগ্ন পুকুরটি ডিসেম্বর, ২০১৯ সালে ২০২০-২০২১ সনের জন্য ইজারা দেয়া হয়েছে।	কাজ সম্পন্ন হয়েছে বিধায় কার্য তালিকা থেকে বাদ দেয়া যায়।	সহকারী ব্যবস্থাপক (সম্পত্তি শাখা), খুলনা
৮.	পুরাতন মোংলা শ্রমিক আবাসিক ভবনে বিদ্যুৎ বিল প্রসঙ্গে।	ডক শ্রমিক আবাসিক ভবন এবং শ্রমিক অডিটরিয়াম ভবন মবক'র দখলে আনার বিষয়ে আলোচনা হয়। এ প্রেক্ষিতে একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) সভায় অবহিত করেন। তিনি জানান যে, পুরাতন মোংলা আবাসিক ভবন ও অডিটরিয়ামে মবক কর্তৃক বিদ্যুৎ সংযোগ নেই। গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন পাওয়া গেছে।	কমিটি কর্তৃক রিপোর্ট দাখিল করা হয়েছে। কমিটির প্রতিবেদনঃ পুরাতন মোংলাস্থ শ্রমিক আবাসিক ভবন ও শ্রমিক সংঘের মিলনায়তনে মবক'র নিয়ন্ত্রণাধীন বিদ্যুৎ সংযোগ নেই। কয়েক বছর আগেই আবাসিক ভবনসমূহে ও শ্রমিক মিলনায়তনে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। তবে কিছু কিছু ভবনে অবৈধ বসবাসকারী নিজেরাই পিডিবি থেকে বিদ্যুৎ সংযোগ নিয়েছে। এছাড়া শ্রমিক মিলনায়তনে পিডিবি হতে বিদ্যুৎ সংযোগ দেখা যায়। বিলুপ্ত বোর্ডের বকেয়া বিদ্যুৎ বিল আছে কি না কোন তথ্য পাওয়া যায়নি।	

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ০৪-০২-২০২  
মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)  
পরিচালক (প্রশাসন)

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০-

ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য ( ), মবক, মোংলা।
- ২। ব্যবস্থাপক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

স্বাক্ষরিত/ ০৪-০২-২০২  
বেগম ফজিলা খাতুন  
সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)